রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ২১, ২০১৫**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[মূল্য সংযোজন কর]**

**বিশেষ আদেশ**

তারিখ ঃ ২২ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/০৬ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ১৫/মূসক/২০১৫**—যেহেতু আঞ্জুমান মুফিদুল ইসলাম নামীয় প্রতিষ্ঠানটি উহার কর্মপরিধিকে সম্প্রসারণ করিবার লক্ষ্যে ঢাকায় নিজস্ব জায়গায় একটি ভবন নির্মাণ করিবে এবং আঞ্জুমান মুফিদুল ইসলাম এর প্রস্তাবিত উক্ত বহুতল ভবন "আঞ্জুমান জে আর টাওয়ার" নির্মাণের জন্য সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় উল্লেখপূর্বক নির্মাণ সংস্থা (সেবা কোড S০০৪.০০ ), কনসালটেন্সী সার্ভিস ( সেবা কোড S০৩২.০০ ) এবং প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী ক্রয়ের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির জন্য আবেদন করিয়াছে; এবং

যেহেতু আঞ্জুমান মুফিদুল ইসলাম-সংস্থাটিকে জনকল্যাণমূলক সংস্থা হিসেবে প্রস্তাবিত ভবন নির্মাণ কাজের উপর হইতে মূসক অব্যাহতি প্রদান করা হইলে নির্মাণ ব্যয় হ্রাস পাইবে এবং ফলশ্রুতিতে দেশের হতদরিদ্র মানুষ উপকৃত হইবে মর্মে প্রতিষ্ঠানটি আবেদনে উল্লেখ করিয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, আঞ্জুমান মুফিদুল ইসলাম প্রতিষ্ঠানটির প্রস্তাবিত "আঞ্জুমান জে আর টাওয়ার" নির্মাণের ক্ষেত্রে 'নির্মাণ সংস্থা' বাবদ এবং প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী ক্রয় ও নির্মাণ সংশ্লিষ্ট কনসালটেন্সী সার্ভিস এর বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর বাবদ ৮৩ কোটি ৮৪৩ লক্ষ টাকা পরিশোধ হইতে অব্যাহতি প্রদান করিল।

জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং উহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site :www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০